# ঘোড়াশাল পৌরসভা কার্যালয়

**পলাশ, নরসিংদী।**

**বিষয় ঃ জানুয়ারী/২০২৩ মাসের পৌর পরিষদের মাসিক সভার কার্যবিবরণী।**

**সভা নং ঃ ১৬**

**সভাপতি ঃ (মোঃ আল মুজাহিদ হোসেন)**
**মেয়র**
ঘোড়াশাল পৌরসভা
পলাশ, নরসিংদী।

তারিখ ঃ ৩১/০১/২০২৩ খ্রিঃ
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান ঃ ঘোড়াশাল পৌরসভার সভা কক্ষ।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর হাজিরা রেজিষ্টারে সংরক্ষিত আছে।**

সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তিলোয়াত করেন মোঃ বিল্লাল হোসেন, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, ঘোড়াশাল পৌরসভা। এরপর সভাপতি সাহেব সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

| ক্র:নং | আলোচ্য সূচীঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | **পূর্ববর্তী সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।** | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ করিয়া শুনান। উহার উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে আর কোন সংশোধনী না থাকায় উহা অনুমোদনের প্রস্তাব করেন। | ১।কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরনী অনুমোদন করা হয়। | মেয়র |
| ২ | রাজস্ব আদায় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে কর আদায়কারীর কাছ হতে প্রাপ্ত তথ্যের আলোকে পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, জানুয়ারী/২০২৩ মাসে পৌর করের দাবি ছিল= ১,১০,৩২,৪২০ টাকা। আদায় হয়েছে= ২৮,৩৯,৬৪৩/= টাকা। আদায়ের হার ২৫.৭৩%। ট্রেড লাইসেন্স বাবদ জানুয়ারী/২০২৩ মাসে আদায় হয়েছে ৩,৫৭,৮০০/= টাকা। নতুন লাইসেন্স করা হয়েছে ৫২টি এবং নবায়ন করা হয়েছে ২০৩ টি। তিনি আরও জানান যে, লাইসেন্স ফি আদায়ের হার গত বছরের এই সময়ের তুলনায় অনেক ভাল। তবে রিক্সা, অটোরিক্সা, ভ্যান এর লাইসেন্স কার্যক্রম ২ বছর ধরে বন্ধ।<br>ননট্যাক্স বাবদ জানুয়ারী/২০২৩ মাসে আদায় হয়েছে ৪৩,৩৯,৮৮৮.৮০ টাকা। উহার মধ্যে সাবরেজিষ্টার অফিস হতে ২১,৭৯,০৮৫.৮০/= টাকা।<br>এসমস্ত বিষয়ে উপস্থিত সকলের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা কালে কাউন্সিলর মোঃ বিল্লাল হোসেন বলেন যে, পৌর কর আদায়ের হার বৃদ্ধি করা খুবই দরকার। এজন্য জনগনকে সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া উচিত। কাউন্সিলর জাকিয়া সুলতানা বলেন যে, পৌরসভার রাজস্ব আদায়ের স্বার্থে বিধি বিধানের বাহিরে কর না কমানোর বিষয়ে মেয়র মহোদয়কে পরামর্শ দেন। কাউন্সিলর ইমরান হোসেন বলেন যে, অনেক পৌরসভা ও ইউনিয়ন পরিষদে লাইসেন্স অনলাইন ভিত্তিক। আমাদের পৌরসভায়ও অনলাইন করা দরকার। | ১। মোট লক্ষ্যমাত্রার নূন্যতম ৯০% হোল্ডিং ট্যাক্স আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২।সকল শ্রেণীর ব্যবসায়ীদের লাইসেন্স এর আওতায় আনার সিদ্ধান্ত হয়।<br>৩। মাঠ পর্যায়ে গিয়ে কার্যক্রম অব্যাহত রাখা সিদ্ধান্ত হয়।।<br>৪। ব্যাংক, এজেন্ট ব্যাকিং, বীমা, স্কুল,কলেজ, কোচিং সেন্টার, ডিশ, উকিল, ডাক্তার, ইঞ্জিনিয়ার ইত্যাদি এর লাইসেন্স করার সিদ্ধান্ত হয় ।<br>৫। রিক্সা, অটোরিক্সা, ভ্যান এর লাইসেন্স করার সিদ্ধান্ত হয়।<br>৬। মার্চ/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ট্রেড লাইসেন্স অনলাইন করার সিদ্ধান্ত হয়। | কর আদায় ও লাইসেন্স শাখা |
| ৩ | **অন্তর্বতী কালিন কর নির্ধারন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।** | পৌর নির্বাহী কর্মকর্তা কর নির্ধারকের কাছ হতে প্রাপ্ত তথ্যের আলোকে জানান যে, জানুয়ারী/২০২৩ মাসে ১১ টি নতুন হোল্ডিং, অংশ ২টি এর অন্তর্বর্তীকালীন কর ধার্য্য করা হয়েছে। উহার মধ্যে ০৯ টি হোল্ডিং এর আপিল করা হয়েছে। বাকিগুলোর আপিল করা হয়নি। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। কাউন্সিলর মোঃ শহিদুল ইসলাম বলেন যে, যাহারা আপিল করে নাই তাদেরকে দ্রুত আপিলের আওতায় আনা উচিত। কাউন্সিলর বিল্লাল হোসেন কর আদায় ও কর নির্ধারন শাখার | ১। যে সমস্ত নতুন হোল্ডিং এর আপিল করে নাই তাদের কে দ্রুত আপিলের আওতায় আনা সিদ্ধান্ত গৃহিত হয়।<br>**২। এসেসমেন্টের নোটিশ দেয়ার পর কাউন্সিলরদের সহযোগিতায়** | কর নির্ধারনও আদায় বিষয়ক স্থায়ী কমিটি ও কর নির্ধারন শাখা |

<table>
<tr><td></td><td></td><td>কর্মচারী কাছ হতে প্রাপ্ত তথ্যের আলোকে জানান যে, বর্তমানে এসেসমেন্ট শেষ। এখন কর নির্ধারনের কাজ চলছে। কর নির্ধারনের নোটিশ বাড়ী বাড়ী পাঠালে জনগন কর পরিশোধ করবে বলেও জানান।</td><td>৯ ওয়ার্ডে ৯টি পৌর কর মেলা অনুষ্ঠান করার সিদ্ধান্ত হয়।<br>৩। কর নির্ধারনের কাজ মার্চ/২৩ এর মধ্যে শেষ করার সিদ্ধান্ত হয়।</td><td></td></tr>
<tr><td>ক্র:নং</td><td>আলোচ্য সূচীঃ</td><td>আলোচনা</td><td>সিদ্ধান্ত</td><td>বাস্তবায়নে</td></tr>
<tr><td>৪</td><td>উন্নয়ন কর্মকান্ড সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন প্রসংগে।</td><td>ক) ২০২২-২০২৩ অর্থ বছরে সরকারী আর্থিক মঞ্জুরী ও নিজস্ব তহবিলের অধীন উন্নয়নমুলক কাজ বাস্তবায়নঃ অদ্যকার সভায় সভাপতি মহোদয় জানান যে, চলতি অর্থ বৎসরের সরকারী উন্নয়ন সহায়তার অর্থ দ্বারা ৯টি প্রকল্পে ৫৭,২২,২০৭/=টাকার ও নিজস্ব তহবিলের অর্থ দ্বারা ২৫টি প্রকল্পে ১,৯৮,৩০,৮৪৩/=টাকার উন্নয়ন কাজ বাস্তবায়ন করার জন্য ইতিমধ্যে বিগত ২৫/০১/২০২৩খ্রিঃ দরপত্র আহবান করা হয়েছে। শীঘ্রই প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য ঠিকাদারদের অনুকূলে নোটিফিকেশন অব এওয়ার্ড প্রদান করে চুক্তিপত্র সম্পন্ন করা হবে। চুক্তিপত্র সম্পন্নের পর দ্রুত কাজ আরম্ভ ও শেষ হবে। কাজগুলির মান যাতে ভাল হয় সেই জন্য সঠিকভাবে তত্ত্বাবধায়ন ও মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরদের সহযোগিতা চান। অত:পর এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং কাজের গুনগত মান বজায় রাখার জন্য উপস্থিত সকল সদস্য একমত প্রকাশ করে সঠিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।</td><td>বাস্তবায়ন যোগ্য কাজগুলি মাঠপর্যায়ে সরেজমিনে তত্ত্বাবধায়ন ও মনিটরিং করার জন্য সকল কাউন্সিলরকে দায়িত্ব প্রদান করে গুনগতমান রক্ষার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</td><td>মেয়র, কাউন্সিলর বৃন্দ ও প্রকৌশলী বিভাগ</td></tr>
<tr><td></td><td></td><td>খ) LGCRRP প্রকল্প সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত ঃ মেয়র মহোদয় জানান যে, ইতিমধ্যে প্রকল্পটির Scheme বাস্তবায়নের জন্য বাছাই করা হয়েছে। Scheme গুলি নিম্নরূপ:
<table>
<tr><th>SL No</th><th>Name of Work</th></tr>
<tr><td>1</td><td>Construction of RCC road at Palash starting from Alirlmour to Palash 32No.Govmeant Primary School via DevaloyAbdurRahmanmiah house (Ch.0.00m - Ch.735.00m) at ward no.02 under horashalPourashava, Dist: Narsingdi.</td></tr>
<tr><td>2</td><td>Rehabilitation of BC road at KhanepurEastpara starting from Mozammelmiah house to BadhorUddin sb. Old house (Ch.0.00m - Ch.475.80m) at ward no.01 under GhorashalPourashava, Dist: Narsingdi.</td></tr>
<tr><td>3</td><td>Improvement of RCC Road at Rajab from Rajab RCC Road Late Naeb Ali House to Culvert via Hares Ali house at ward no.09 under GhorashalPourashava, Palash, Dist:- Narsingdi. (Ch.298.00m – Ch.540.00m).</td></tr>
<tr><td>4</td><td>Rehabilitation of BC road at Atia starting from Kabila road Bangladesh Jute mill Pond to End of Pourashava (Ch.0.00m - Ch.1305.00m) at ward no.08 under GhorashalPourashava, Dist: Narsingdi.</td></tr>
<tr><td>5</td><td>Improvement of RCC Road at Garpara from Elias chairman House to SamsulHaque house road at ward no.02 under GhorashalPourashava, Palash, Dist:- Narsingdi. (Ch.0.00m – Ch.186.00m).</td></tr>
<tr><td>6</td><td>Improvement of road at Kortatoil starting from Kortatoilmour to KortatoilGoni Market (Ch.0.00m - Ch.271.00m) at ward no.09 under Ghorashal Pourashava, Dist: Narsingdi.</td></tr>
<tr><td>7</td><td>Construction of RCC Road at Alirteck starting fror Rofiqmiah house to FuldirTeck Primary school at war no.07</td></tr>
<tr><td>8</td><td>Construction of RCC Drain with Road at Tangorpar from Hakim sb. House to Railway ditch at ward no.06</td></tr>
<tr><td>9</td><td>Construction of RCC Road with Drain at Palash from</td></tr>
</table></td><td>Scheme গুলির প্রকল্প দপ্তরে প্রেরনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>প্রকৌশল বিভাগ</td></tr>
</table>

| | |
|---|---|
| | Palash Co-Operative labor union office to PalashShilpanchol Collage road at ward no.03 |
| 10 | Maintenance of BC Road from Kaistopara Mr. Sharif miah house to BorujerTeckmour at ward no.04 |
| 11 | Construction of RCC Road & RCC Drain at Paiksha from Mon Mohan babu house to PaikshaNomparaMondir at ward no.05 |
| 12 | Construction of Drain & Road at Bagpara from 01No. Pran Gate to Hamida begum House at ward no.04 |
| 13 | Rehabilitation of BC Road at Gorpara from Sinic road to Ilias Chairman house at ward no.02. |
| 14 | Rehabilitation of BC Road from PaikshaKamarbari moor to Dholadiamoor at ward no.04 & 05. |
| 15 | Rehabilitation of BC Road at Bagdhi from R& H Road to BagdhiSouthparaForkaniaMadrasha road at ward no.09. |
| 16 | Rehabilitation of BC Road at Debaloy from Bashir miah house to DebaloyShitlamondir road at ward no.02. |
| 17 | Maintenance of BC Road at Ghorashal from Ghorashal Post office to Chamrabmour via Musabin Hakim Collage at ward no.06 |
| 18 | Improvement of RCC Road &Construction of Drain at GhorashalTeckpara from Delowarhossain house to Eng. Lack miah house at ward no.-07. |
| 19 | Rehabilitation of BC Road at Ghagra from Dhoyal shop to KamarteckHarunmiah shop via Rostumiah house road at ward no.-08 |
| 20 | Rehabilitation of BC Road at Kortatoil from KortatoilGoni Market mour to Bagdhi mosque mour via Kortatoil Culvert at ward no.-09 |
| 21 | Rehabilitation of BC Road from Dholadia Moor to Bharariapara moor via BarariaparaEidgha at ward no.-04 |
| 22 | Maintenance of BC Road at GhorashalMiahpara from Ghorashal bazar main road to bypass mour via Miahbari&Pirindar Tack mour at ward no.-07 |
| 23 | Construction of RCC Road at Ghorashal from Ghorashal – Palash main road to Noor Mohashin Girls School road Including Existing Drain outfall at ward no. 05 & 06. |
| 24 | Construction of Road at Baggerpara from BaggerparaNazrulbaburchi house to Lutfunnesa house at ward no.02 |
| 25 | Construction of RCC Road at Khanepur from Khanepur Primary school to Bangla link Tower road.(Connecting road) at ward no.01 |
| 26 | Construction of RCC Road with Drain at Palash from PalashBalucharpara main road to SonaliHaziteck at ward no.03. |
| 27 | Construction of RCC Road at Ghagra from Bangla jute mill Pump house to Kabila sarakSorujmiah house road via Freedom fighter Late Abdul Mannan sb. House road at ward no.08 |
| 28 | Improvement of RCC Road at ward no.2 from Sinik road Koraitoli to Debaloy |
| 29 | Construction of Road at Dhararteck from Rail Bacchu house to Shamimmiah shop via Dhararteck Jam – E-Mosqueat ward no.-06 |

| | | | | |
|---|---|---|---|---|
| ক্র:নং | আলোচ্য সূচীঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| | | উক্ত প্রকল্পগুলি অদ্যকার সভায় গৃহীত হলে অনুমোদনের জন্য প্রকল্প দপ্তরে প্রেরণ করা হবে। তিনি Scheme গুলি যাচাই বাছাই পূর্বক মতামত প্রদান ও সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় উপস্থাপন করেন। অত:পর এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে Scheme গুলি বাস্তবায়নের তাগিদে জন্য অনুমোদনের নিমিত্তে প্রকল্প দপ্তরে প্রাক্কলনসহ প্রেরনের জন্য উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। | | |
| | | গ) **ঘোড়াশাল পৌরসভার ০৪ নং ওয়ার্ডে নতুন মাটির রাস্তা নির্মান করন প্রসঙ্গেঃ** সংরক্ষিত আসন-২ এর কাউন্সিলর জনাব জাকিয়া সুলতানা বলেন যে, ০৪নং ওয়ার্ডস্থ বাগপাড়া মাটিয়া গাড়া এলাকায় একটি রেকর্ডীয় রাস্তা রয়েছে। রাস্তাটির নীচু। বর্ষাকালে পানির নীচে থাকে। রাস্তার পার্শ্বের বাড়ির মালিকগণ বিভিন্ন স্থানে দখল করে রয়েছে। এটি উদ্ধার করা প্রয়োজন। উক্ত এলাকার লোকজনের যাতায়াত করার জন্য বহুদুর ঘুরে চলাচল করতে হয়। রাস্তাটি যদি উদ্ধার করা হয় বা মাটি কেটে উন্নয়ন ও উচু করা হয় তাহলে উক্ত এলাকার লোকজন সারা বছর চলাচল করতে পারবে এবং যাতায়াত সহজ হবে এবং রাস্তাটি উদ্ধার করা যাবে। তাই তিনি একটি এক্সাভেটর/শ্রমিক দ্বারা মাটি কেটে উন্নয়ন করার জন্য প্রস্তাব করেন। তার এই প্রস্তাবের প্রতি সবাই আলোচনায় অংশ গ্রহন করেন এবং উহা উদ্ধার ও মাটি দ্বারা উন্নয়ণ করে একটি নতুন রাস্তা তৈরী করার জন্য মতামত দেন। সভায় মেয়র মহোদয় বলেন যে, একটি এক্সাভেটর ভাড়া করে ঘন্টা হিসাবে বিল প্রদান করলে কম খরচে রাস্তা নির্মান করা যাবে। তার এই কথায় উপস্থিত সকলেই একমত পোষণ করেন এবং এ প্রস্তাবকে সমর্থন করেন। | রাস্তা সরেজমিনে পরিমাপ গ্রহন করে উদ্ধার করত: স্থানীয় একটি এক্সাভেটর ভাড়া করে ঘন্টা হিসাবে বিল প্রদান করে নতুন নির্মিত রাস্তা তৈরী করার জন্য সর্বসম্মতি সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রয়োজনীয় অর্থ পৌর রাজস্ব তহবিল থেকে বহন করার সিদ্ধান্ত হয়। | পৌনিক ও প্রকৌশল বিভাগ। |
| ৫ | **জন্ম নিবন্ধন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।** | পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, গত নভেম্বর মাসে ০-৪৫ দিনের মধ্যে জন্ম গ্রহণকৃত মোট ৮০ টি শিশুর জন্ম নিবন্ধন হয় এবং মৃত্যু সংখ্যা ০৬ টি নিবন্ধন হয়। মেয়র মহোদয় সকল ওয়ার্ড কাউন্সিলরকে স্ব-স্ব ওয়ার্ড হতে জন্ম গ্রহনকৃত শিশুদের তালিকা পৌরসভা কার্যালয়ে জমা প্রদান করার জন্য আহবান জানান। সংশ্লিষ্ট শাখার কর্মচারীদেরকে হাসপাতালে, ক্লিনিকে যেয়ে তালিকা সংগ্রহ করার জন্য বলেন। এ বিষয়ে উপস্থিত সকলের মধ্যেই বিস্তারিত আলোচনা হয়। | ১। চুক্তিভিত্তিক কর্মচারী মাহমুদুল হাসান সাগরকে হাসপাতাল ও ক্লিনিকে যেয়ে বা ফোন করে জন্মগ্রহনকৃত শিশুদের তালিকা সংগ্রহ করার জন্য দায়িত্ব দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২।সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরগণ ও স্ব-স্ব ওয়ার্ড হতে তালিকা সংগ্রহ করবেন মর্মে সিদ্ধান্ত হয়। | **পৌনিক** |
| ৬ | **বিবিধ** | **ক) বিদ্যুৎ শাখার কর্মচারীদের বসার কক্ষটি সংস্কার প্রসংগে ঃ-**<br>০৫নং ওয়ার্ড কাউন্সিলর জনাব বিল্লাল হোসেন বলেন যে, গরমকাল চলে আসছে। বিদ্যুৎ শাখার কর্মচারীদের বসার কক্ষটি টিন সেড ভবন। এখানে গরমের সময় বসে কাজকর্ম পরিচালনা করা খুবই কষ্টকর ও দুঃসহ। তাই এ টিনডে ভবনটিতে সিলিং দেয়া খুবই জরুরী। উপস্থিত সবাই তার এ প্রস্তাবকে সমর্থন | প্রাক্কলন ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকার মধ্যে হলে ভাউচারের মাধ্যমে অথবা ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকারউপরে হলে কোটেশনের মাধ্যমে | **পৌনিক/ প্রকৌশল বিভাগ** |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করেন। | কাজটি বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | খ) **দোকান ভাড়ার বকেয়া আদায় প্রসঙ্গেঃ** পৌর নির্বাহী কর্মকর্তা সভায় বলেন যে, মোঃ মনির হোসেনের কাছে ৪৪,৩৫২/= (চুয়াল্লিশ হাজার তিনশত বায়ান্ন) টাকা বকেয়া আছে। তিনি উক্ত টাকা বার বার তাগাদা দেয়া সত্বেও পরিশোধ করছেন না। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বকেয়া টাকা আদায়ের ব্যাপারে চিঠি দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। তারপরও পরিশোধ না করলে বিকল্প ব্যবস্থা গ্রহন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | মেয়র |
| **ক্র:নং** | **আলোচ্য সূচীঃ** | **আলোচনা** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নে** |
| | | গ) **গৃহ নির্মানের নকশা অনুমোদন প্রসংগেঃ** কাউন্সিলর জনাব মোঃ ফরহাদ হোসেন, মোঃ শহীদুল ইসলাম ও জাকিয়া সুলতানা বলেন যে, প্রকৌশল বিভাগ হতে গৃহ নির্মানের ফরম ক্রয় করে খালি ফরমে স্বাক্ষর করার জন্য জনগন নিয়ে আসেন। চক্ষু লজ্জার খাতিরে তখন স্বাক্ষর করতে হয়। এ সমস্যার একট সমাধান হওয়া উচিত। এ বিষয়ে আলাপ কালে প্যানেল মেয়র মোঃ কবির হোসেন বলেন যে, সমস্ত কাগজপত্র নিয়ে ফরম পুঙ্খানুপুঙ্খ ভাবে পুরন করে তারপরে ওয়ার্ড কাউন্সিলরদের স্বাক্ষর নেয়া উচিত। তার এ প্রস্তাব উপস্থিত সবাই সমর্থন করেন। অন্যদিকে পৌর নির্বাহী কর্মকর্তা বলেন যে, প্লান অনুমোদন ফি পূর্বের তুলনায় অনেক কমে গেছে। এ খাতের আয় বৃদ্ধি করতে হবে। এ বিষয়ে উপস্থিত সকলের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। | ১। গৃহ নির্মানের ফরম পুরন পূর্বক সমস্ত কাগজপত্র/দলিল/পর্চা ইত্যাদি সহ কাউন্সিলরদের সুপারিশ নেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। প্লান অনুমোদনের পূর্বে আবেদনকারীর আরো কোন হোল্ডিং থাকলে উহার পৌর কর আদায় করা ।<br>৩। প্লান অনুমোদনের পূর্বে সীমানা প্রাচীর অনুমোদন করা।<br>৪। প্লান অনুমোদনের পূর্বে ফরমে হিসাব শাখা, আদায় শাখা, পানি শাখার অংশ পূরন করে উপস্থাপন করা সহ প্রশাসন বিভাগের মতামত নেয়া।<br>৫। বাড়ী ঘরের প্লান অনুমোদন ছাড়া বিদ্যুতের সংযোগ, পুনঃ সংযোগ যাতে না দেয় সেজন্য পল্লী বিদ্যুৎ অফিসে চিঠি দেয়া। | প্রকৌশল বিভাগ |
| | | ঘ) **মুক্তিযোদ্ধাদের কর মওকুফ প্রসংগেঃ** কর নির্ধারন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভাপতি ও ৫ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব বিল্লাল হোসেন জানান যে মুক্তিযোদ্ধাদের জন্য সরকার ১০০০ বর্গফুট পর্যন্ত শুধুমাত্র হোল্ডিং কর মওকুফ করেছেন। অনেক মুক্তিযোদ্ধাই তাদের হোল্ডিং এর সমস্ত করই মওকুফ করার জন্য বলেন। আবার অনেক মুক্তিযোদ্ধার একাধিক সন্তান এবং তাদের আলাদা আলাদা হোল্ডিং। তারা প্রত্যেকেই কর মওকুফের সুবিধা চান। এ সমস্ত বিষয় নিয়ে সভায় সকলের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। আলোচনাকালে মুক্তিযোদ্ধার সন্তান ৮নং ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র-২ জনাব ফরহাদ | ১। মৃত মুক্তিযোদ্ধার একাধিক সন্তানের ক্ষেত্রে যার নামে মুক্তিযোদ্ধা ভাতা উত্তোলনের ক্ষমতা দেয়া হয়েছে তার ১০০০ বর্গফুট পর্যন্ত পৌর কর মওকুফ করার সিদ্ধান্ত হয়।<br>২। ১০০০ বর্গ ফুট পর্যন্ত বিদ্যুৎ কর, কঞ্জারভেন্সি কর সহ সকল ধরনের | পৌনিক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হোসেন বলেন যে, একাধিক সন্তানের ক্ষেত্রে যার নামে ভাতা উত্তোলনের ক্ষমতা দেয়া হয়েছে তার ১০০০ বর্গফুট পর্যন্ত মওকুফ এবং একাধিক ছেলের ক্ষেত্রে সমান ভাগ করে দেয়া। তিনি আরো প্রস্তাব করেন যে, অত্র পৌরসভার যেহেতু ৯০ জন মুক্তিযোদ্ধা। তাই তাদের বিদ্যুৎ কর, কঞ্জারভেন্সি কর মওকুফ করা যেতে পারে।সকলেই তার এ প্রস্তাবকে সমর্থন করেন। | সেবা কর মওকুফ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ঙ) **পূর্বের ইজারার বকেয়া আদায় প্রসঙ্গে ঃ** পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, বাংলা ১৪২৬ সনের ইজারাদার ১। জনাব মোঃ নাজমুল হকের কাছে ট্রাক,লড়ি,পিকআপ,কন্টেইনার পার্কিং ইজারার বকেয়া ৭,৫০,০০০/= ( সাত লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, ভ্যাট বাবদ ৩,৬০,০০০/= (তিন লক্ষ ষাট হাজার) টাকা, আয়কর বাবদ ১,২০,০০০/= (এক লক্ষ বিশ হাজার) টাকা বকেয়া আছে। ভ্যাট, আয়করের টাকার ব্যাপারে অডিট আপত্তি হয়েছে। সমস্ত বকেয়া টাকা চেয়ে তাকে বার বার চিঠি দেয়া হয়েছে। কিন্তু তিনি কোন টাকাই পরিশোধ করছেন না। এ বিষয়ে সকলের মধ্যে বিস্ড়রিত আলোচনা হয়। | ইজারার বকেয়া আদায়ের ব্যাপারে ইজারাদারকে ডেকে দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে আদায়ের ব্যবস্থা করা। অন্যথায় আইনগত ব্যবস্থা গ্রহন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | **মেয়র অত্র পৌরসভা** |
| **ক্র:নং** | **আলোচ্য সূচীঃ** | **আলোচনা** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নে** |
| | | চ) **বিবাহ নিবন্ধন ফি প্রসঙ্গে ঃ** বিবাহ নিবন্ধন ফি আদায়ের হার শূন্য। কাজী সাহেবের সহিত আলাপ করে বা চিঠিপত্র আদান প্রদান করে বিবাহ রেজিস্টারের আলোকে বিধি অনুযায়ী ফি আদায়ের ব্যবস্থা করার জন্য কাউন্সিলর ফরহাদ হোসেন প্রস্তাব করেন। | ১। কাজীর সহিত চিঠিপত্র আদান প্রদান বা আলোচনা করে কাজীর রেজিস্টার অনুযায়ী বকেয়াসহ বিবাহ নিবন্ধন ফি আদায়ের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | **স্বাস্থ্য সহকারী** |
| | | ছ) **কসাইখানা সম্পর্কে ঃ** কসাইখানা থেকেও আদায়ের হার শূন্য। কসাইখানা থেকে বিধি মোতাবেক ফি আদায় করা খুবই প্রয়োজন। নিয়মিত কসাই খানা পরিদর্শন করাও দরকার মর্মে কাউন্সিলর মরিয়ম বেগম বলেন। | ১। নিয়মিত কসাইখানা পরিদর্শন পূর্বক সেখান থেকে বিধি মোতাবেক ফি আদায়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | **স্বাস্থ্য সহকারী** |
| | | **জ) ঠিকাদারী লাইসেন্স, রোড কাটিং ও রোলার ভাড়া সম্পর্কে ঃ** ঠিকাদারী লাইসেন্স, রোড কাটিং ও রোলার ভাড়া খাতে আয় খুবই কম। সহকারী প্রকৌশলী জানান যে, বর্তমানে কোন ডিপার্টমেন্ট থেকেই রোড কাটিং চলতেছে না। অন্যদিকে প্রায় ডিপার্টমেন্টেই রোলার আছে। এ জন্য ভাড়া হচ্ছে না। ঠিকাদারী লাইসেন্সও সীমিত। এসমস্ত কারনে এ খাতে আয় কমে যাচ্ছে। | ঠিকাদারী লাইসেন্স, রোড কার্টিং ও রোলার ভাড়ার খাতে আয় বৃদ্ধি করার ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত হয়। | **প্রকৌশল বিভাগ** |
| | | **ঝ) পানির বিল সম্পর্কে ঃ** পানির বিল পূর্বের থেকে আদায় বৃদ্ধি পেয়েছে। বর্তমানে বকেয়া আদায়ের হার মোটামুটি সন্তোষজনক। তবে বকেয়ার হার শূন্যের কোটায় নিয়ে আসতে হবে মর্মে কাউন্সিলর জাহিদ হাসান ভূইয়া জানান। | ১। বকেয়া পানির বিল আদায় শূন্যের কোটায় আনার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | **বিল ক্লার্ক ও নলকূপ মিস্ত্রী আঃ মান্নান।** |
| | | **ঞ) অভ্যন্তরিন প্রশিক্ষন প্রসঙ্গে ঃ** পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, অত্র পৌরসভায় কর্মরত অনেকেরই বুনিয়াদি প্রশিক্ষন হয়নি। তাই তারা চিঠিপত্র সঠিকভাবে ড্রাফট করতে পারেনা। আবার সঠিক ভাবে নোট উপস্থাপন করতে জানে না। নীচের পদের অনেক কর্মচারীরা অফিসিয়াল আবার ব্যবহারও সঠিকভাবে জানে না, তাদের সকলকে নিয়ে একটা অভ্যন্তরিন প্রশিক্ষনের আয়োজন করা উচিত। এ বিষয়ে সকলের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। আলোচনাকালে প্যানেল মেয়র মোঃ কবির হোসেন প্রশিক্ষনের দিন প্রশিক্ষনার্থীদের নাস্তা ও খাবার এবং প্রশিক্ষকদের একদিনে ২,০০০/= (দুই হাজার) টাকার সম্মানী ও উদ্বোধকের ৩ হাজার টাকা সম্মানী দেয়ারও প্রস্তাব করেন। | **১। সুবিধামত সময়ে ১ দিনের প্রশিক্ষনের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহিত হয়। ২।প্রশিক্ষনার্থীদের নাস্তা ও খাবার ব্যবস্থা করার সিদ্ধান্ত হয়। ৩। উদ্বোধকের ৩ হাজার টাকা ও প্রশিক্ষকদের ২ হাজার টাকা করে সম্মানী দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।** | **পৌনিক** |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | |
| | | **ট) ব্যয়ের খাত সম্পর্কে আলোচনা ঃ** পৌর নির্বাহী কর্মকর্তা বলেন যে, ১। জ্বালানী ২। গাড়ী মেরামত ৩। বৈদ্যুতিক মালামাল ক্রয় ৪। কঞ্জারভেন্সী খাতে বেতনসহ ৫। বিভিন্ন অনুষ্ঠান ও জাতীয় দিবস ৬। আপ্যয়ন ইত্যাদি খাতে ব্যয় বৃদ্ধি পাচ্ছে।। এ বিষয়ে সকলের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। | **উল্লেখিত খাত সমুহে ব্যয় হ্রাস করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।** | **প্রশাসন ও প্রকৌশল বিভাগ** |
| | | **ঠ) সাপোর্ট ডাস্টবিন/বিন ক্রয় প্রসংগে**।মেয়র মহোদয় সভায় জানান যে, সাধারন জনগন কিছু কিছু জনগুরুত্বপূর্ণ স্থানে যত্রতত্র ময়লা ফেলে রাস্তা নষ্ট করছে এবং পরিবেশ দুষিত করছে। সেক্ষেত্রে জনগনের চলাচলে সমস্যা হচ্ছে। পরিচ্ছন্ন শহর গড়ার ক্ষেত্রে বাধার সৃষ্টি করছে। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>আলোচনা কালে কাউন্সিলর ৪নং ওয়ার্ড ময়লা আবর্জনা অপসারন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব শহিদুল ইসলাম বলেন যে, এ থেকে পরিত্রানের জন্য বা উক্ত সমস্যা সমাধানের জন্য গুরুত্বপূর্ন স্থানগুলোতে সার্পোট ডাষ্টবিন/বীন স্থাপনের প্রস্তাব করেন। এতে পরিবেশ দুষিত হবে না এবং ময়লাও জনগনের চোখে পড়বে না। সবাই তার এ প্রস্তাবকে সমর্থন করেন। | আলোচনান্তে প্রাথমিকভাবে বিশটি সার্পোট ডাষ্টবিন বা বীন রাজস্ব তহবিলের অর্থ দ্বারা ক্রয় করার সিদ্ধান্ত হয়। পরবর্তিতে এর সুফলের আলোকে প্রয়োজনের ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক বীণ ক্রয় করার সিদ্ধান্ত হয়। | **পৌনিক ।** |
| **ক্র:নং** | **আলোচ্য সূচীঃ** | **আলোচনা** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নে** |
| | | ড) **বস্তি স্থানান্তর প্রসঙ্গে** ঃ মেয়র মহোদয় সভায় জানান যে,৭নং ওয়ার্ডস্থ পৌরসভার প্রবেশ মুখে রেলওয়ের জায়গায় অবস্থিত বস্তি বাসীর সহিত আলাপ হয়েছে। তাদেরকে একটা ভাল জায়গায় স্থানান্তর করলে তাদের কোন আপত্তি নাই। বস্তির স্থানটাও পৌরসভার প্রবেশদ্বার। তাদেরকে স্থানান্তর করে সেখানে একটা গেট করে দিলে পৌরসভার পরিচিতি পাবে। তাদেরকে স্থানান্তরের উদ্দেশ্য একটা উপযুক্ত জায়গা নির্বাচনের জন্য একটা কমিটি গঠন করে দেয়াসহ তাদের দায়িত্বাবলী উল্লেখ করে দেয়া যেতে পারে।<br>তিনি নিম্নরুপভাবে একটি কমিটি গঠনের প্রস্তাব করেন।<br>১। জনাব মোঃ বিল্লাল হোসেন, কাউন্সিলর ৫নং ওয়ার্ড----------আহবায়ক।<br>২। জনাব মোঃ নুরুল ইসলাম, কাউন্সিলর ৭নং ওয়ার্ড ------সদস্য।<br>৩। জনাব মোঃ ইমরান হোসেন, কাউন্সিলর ৬নং ওয়ার্ড ------সদস্য।<br>৪। জনাব মরিয়ম বেগম লিমা, সংরক্ষিত আসন-৩,-----------সদস্য।<br>৫। জনাব আঃ মান্নান, বিশিষ্ট সমাজ সেবক----------সদস্য।<br>৬।মোঃ রফিকুল ইসলাম ,উপসহকারী প্রকৌশলী---------- সদস্য।<br>৭। জনাব মোঃ মাহবুব কবির , সমাজ উন্নয়ন কর্মকর্তা ---সদস্য সচিব।<br><br>প্যানেল মেয়র মোঃ কবির হোসেন নিম্নরুপভাবে তাদের দায়িত্বাবলী উল্লেখ করেন।<br><br>১। বস্তি বাসীদের স্থানান্তরের জন্য উপযুক্ত একটা স্থান নির্বাচন করা ।<br>২। স্থানান্তরের জন্য প্রয়োজনীয় খরচাদির একটা বাজেট উপস্থাপন করা।<br><br>আলোচনাকালে প্যানেল মেয়র-৩, জাকিয়া সুলতানা স্থানান্তরের জন্য প্রয়োজনীয় খরচাদি পৌর রাজস্ব তহবিল থেকে বহন করার প্রস্তাব করেন। | ক) আলাপ আলোচনান্তে নিম্নরুপ কমিটি গঠন করার সিদ্ধান্ত হয়।<br>১। জনাব মোঃ বিল্লাল হোসেন, কাউন্সিলর ৫নংওয়ার্ড -আহবায়ক।<br>২। জনাব মোঃ নুরুল ইসলাম, কাউন্সিলর ৭নং ওয়ার্ড----সদস্য।<br>৩। জনাব মোঃ ইমরান হোসেন, কাউন্সিলর ৬নং ওয়ার্ড ---সদস্য।<br>৪। জনাব মরিয়ম বেগম লিমা, সংরক্ষিত আসন-৩,-------সদস্য।<br>৫। জনাব আঃ মান্নান, বিশিষ্ট সমাজ সেবক----------সদস্য।<br>৬। জনাব মোঃ মাহবুব কবির , সমাজ উন্নয়ন কর্মকর্তা ---সদস্য সচিব।<br>খ) দায়িত্বাবলী ঃ<br>১। বস্তি বাসীদের স্থানান্তরের জন্য উপযুক্ত একটা স্থান নির্বাচন করা<br>২। স্থানান্তরের জন্য প্রয়োজনীয় খরচাদির একটা বাজেট উপস্থাপন করা।<br>গ) প্রয়োজনীয় খরচাদি পৌর রাজস্ব তহবিল থেকে বহন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | **সংশ্লিষ্ট কমিটি।** |
| | | ঢ) **ঘোড়াশাল পৌর ট্রাক টার্মিনালের উত্তররে হালটে RCC ড্রেন নির্মান ও তার উপর স্লাব দিয়ে দোকান নির্মান প্রসংগেঃ** মেয়র মহোদয় সভায় জানান | ঘোড়াশাল পৌর ট্রাক টার্মিনালের উত্তর পার্শ্বের | **প্রকৌশল বিভাগ** |

| | | | | |
|---|---|---|---|---|
| | | যে, ঘোড়াশাল পৌর ট্রাক টার্মিনালের উত্তর পার্শ্বে একটি হালট রয়েছে। উক্ত হালটের মধ্যে দিয়ে নিয়মিত বেদে পাড়ার ড্রেনের পানি পশ্চিম দিকে (শীতলক্ষ্যা নদীর দিকে) পতিত হয়। কিন্তু বর্তমানে মেইন রাস্তা হতে আউটফল পর্যন্ত হালটটি খোলা অবস্থায় থাকায় দিন দিন ময়লা আর্বজনা পড়ে পিটের লাইনসহ মুখ ব্লক হয়ে যাচ্ছে ।এতে দিন দিন পূর্ব পার্শ্বের এলাকায় (বেদে পাড়ায়) প্রায়শ জলাবদ্ধতার সৃষ্টি হয়। ফলে জন দূর্ভোগ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এমন পরিস্থিতিতে উক্ত হালটি মেইন রাস্তা হতে RCC করে উপরে স্লাব দিয়ে নির্মান করা হলে এতে পরিবেশ সুন্দর হয়ে উঠবে এবং জলাবদ্ধতা লাঘব হবে। বিষয়টি উক্ত এলাকাবাসীর প্রত্যাশিত একটি দাবি। RCC রাস্তার উপরে কিছু দোকান নির্মান করা হলে এতে পৌরসভার স্থায়ী একটি আয়ের ব্যবস্থা হবে। পৌরসভা লাভবান হবে। উক্ত স্থানে দোকানের ব্যাপক চাহিদাও রয়েছে। মেয়র মহোদয়ের এই প্রস্তাবটি উপস্থিত সকল কাউন্সিলর সমর্থন করেন। | হালটে একটি RCC ড্রেন নির্মান ও তার উপর স্লাব দিয়ে দোকান নির্মান করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয় | |
| | | ণ) **পূর্ব ঘোড়াশাল রাধাকৃষ্ণ মন্দিরে ১টি সাবমারসিবল বসানো প্রসংগেঃ** মেয়র মহোদয় সভায় জানান যে, পূর্ব ঘোড়াশাল রাধাকৃষ্ণ মন্দিরে পানি সাপ্লাইয়ের কোন ব্যবস্থা নাই। সেখানকার লোকজন পানির জন্য খুবই কষ্ট করতেছে। পানির সমস্যা সমাধনের জন্য সেখানে একটি সাবমারসিবল স্থাপনের জন্য সবাই দাবী করেছেন। উপস্থিত সবাই এ প্রস্তাবকে সমর্থন করেন। | পূর্ব ঘোড়াশাল রাধাকৃঞ্চ মন্দিরে ১টি সাবমারসিবল বসানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | **প্রকৌশল বিভাগ** |
| **ক্র:নং** | **আলোচ্য সূচীঃ** | **আলোচনা** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নে** |
| | | **ত) ট্রাক ষ্ট্যান্ড ও ডাম্পিং ষ্টেশনে রাস্তা করন ও জনতা স্কুল গেটের পার্শ্বের ডাষ্টবিন মেরামত করন প্রসঙ্গেঃ** মেয়র মহোদয় সভায় জানান যে, ট্রাক ষ্ট্যান্ড ও ডাম্পিং ষ্টেশনে ময়লা ফেলার কারনে রাস্তা ভরাট হয়ে যায়। ফলে ট্রাক রাখার ও জনগনের চলাচলে সমস্যা হয়। এ ময়লা পরবর্তিতে প্রায়ই ভেকু ভাড়া করে অপসারন করতে হয়। তাতে সময় ও অর্থ ব্যয় হয় বেশি। কাজেই ময়লা আবর্জনা ট্রাক ষ্ট্যান্ডের পশ্চিম মাথায় ও ডাম্পিং ষ্টেশনের শেষ মাথায় ফেললে এ ধরনের সমস্যা হয় না। এ জন্য ময়লা ফেলার সুবিধার্থে উভয় স্থানের ভিতর দিয়ে ২টি রাস্তা নির্মান করে দেয়ার প্রস্তাব করেন তিনি। তার এ প্রস্তাবকে সবাই সমর্থন করেন। কাউন্সিলর জুলহাস মিয়া জনতা স্কুলের গেটের পশ্চিম পার্শ্বের ডাস্টবিনটি মেরামত করার প্রস্তাব করেন। | ১। পৌর ট্রাক ষ্ট্যান্ড ও ডাম্পিং ষ্টেশনের ভিতর দিয়ে ২টি রাস্তা নির্মান করার সিদ্ধান্ত হয়। ২। জনতা স্কুল গেটের পশ্চিম পার্শ্বের ডাস্টবিনটি মেরামত করার সিদ্ধান্ত হয়। | **প্রকৌশল বিভাগ** |
| | | **থ) জানালার পর্দা, ২টি ফাইল কেবিনেট, ১ টি আলমারী ক্রয় ,টেবিলের গ্লাস স্থাপন ,অনার বোর্ড ১টি ও কাঠের ফাইলরেক ২টি তৈয়ার প্রসঙ্গে ঃ** পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, হিসাব শাখার কক্ষের জানালার পর্দা ১৮ পিচ, হিসাব রক্ষন কর্মকর্তার জন্য ৪ ড্রয়ার বিশিষ্ট ১ টি ফাইল কেবিনেট, অডিটরিয়ামের ভিআইপি কক্ষের জন্য ১ টি আলমারী, সহকারী কর আদায়কারী সাহিদা সুলতানার জন্য ২ ড্রয়ার বিশিষ্ট ১টি ফাইল কেবিনেট ক্রয়, হিসাব রক্ষন কর্মকর্তার জন্য কাঠের অনার বোর্ড ১টি, হিসাব শাখার জন্য কাঠের ফাইল রেক ২টি ও বাজার পরিদশর্কের টেবিলের গ্লাস স্থাপন দরকার মর্মে আবেদন করেছেন। অফিসের কাজের সুষ্ঠু পরিবেশের উদ্দেশ্যে উক্ত মালামাল গুলো দরকার। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | হিসাব শাখার কক্ষের জানালার জন্য ১৮ পিচ পর্দা, ৪ ড্রয়ার বিশিষ্ট ১ টি ও ২ ড্রয়ার বিশিষ্ট ১টি ফাইল কেবিনেট, অডিটরিয়ামের ভিআইপি কক্ষের জন্য আলমারী ১টি,কাঠের অনার বোর্ড ১টি, কাঠের ফাইল রেক ২টি ও বাজার পরিদশর্কের টেবিলের গ্লাস স্থাপনের সিদ্ধান্ত হয়। | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোঃ আল মুজাহিদ হোসেন)**
**মেয়র**
ঘোড়াশাল পৌরসভা
পলাশ, নরসিংদী।

স্মারক নংঃ ঘোপৌস/০১/সাধা-১/২০২২-২০২৩/ তারিখঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতির জন্যঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নগর ব্যবস্থাপনা ও পরিচালক,আরবান ম্যনেজম্যান্ট সাপোর্ট ইউনিট,এলজিইডি সদর দপ্তর, লেভেল-৭, আরডিইসি ভবন,আগারগাঁও ঢাকা-১২০৭।

৩। জেলা প্রশাসক, নরসিংদী।

৪। প্রকল্প পরিচালক, গুরুত্বপূর্ন নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প-২,আরডিইসি ভবন,এলজিইডি সদর দপ্তর,আগারগাঁও ঢাকা-১২০৭

৫-১৬। কাউন্সিলর,(সকল), ঘোড়াশাল পৌরসভা, পলাশ, নরসিংদী।

১৭। বিভাগীয় প্রধান (সকল), ঘোড়াশাল পৌরসভা ,পলাশ, নরসিংদী।

১৮। অফিস কপি।

**( মোঃ আল মুজাহিদ হোসেন )**
**মেয়র**
ঘোড়াশাল পৌরসভা
পলাশ, নরসিংদী।